

## Model Activity Task 2022 January

### Class 6| Health & Physical Education| Part-1

মডেল অ্যাক্টিভিটি টাস্ক-২০২২। জানুয়ারী  
ষষ্ঠ শ্রেণী | স্বাস্থ্য ও শারীর শিক্ষা | পার্ট -১।

পূর্ণমান- ২০

দেশাত্মবোধ

১। বহুর মধ্যে থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো।

(ক) ১৯৪৭ সালের কত তারিখে গণ-পরিষদে ভারতবর্ষের জাতীয় পতাকার নকশা গৃহীত হয়?

(i) ১৪ আগস্ট (ii) ২২ জুলাই (iii) ১৫ আগস্ট (iv) ৩ জুন

(খ) টেবিলে ব্যবহৃত ভারতবর্ষের জাতীয় পতাকার দৈর্ঘ্য ও প্রস্থের মাপ কতটা পরিমাণে হয়ে থাকে?

(i) 5"X 4" (ii) 3"X 3" (iii) 6"X 4" (iv) 3"X 2"

(গ) অশোক চক্রের নীল রং কীসের রং-এর সঙ্গে মিলে যায়?

(i) ময়ূরের পালকের রং (ii) আকাশের রং (iii) সমুদ্রের জলের রং (iv) আকাশ ও সমুদ্র রং

২। বাম-স্তম্ভের সঙ্গে ডান-স্তম্ভের সমতাবিধান করো।

উত্তরঃ

বাম স্তম্ভ	ডান স্তম্ভ
(ক) অশোক চক্রের ২৪টি কাঁটা	(vi) সর্বক্ষণের গতিশীলতার প্রতীক
(খ) জাতীয় পালনীয় দিবসে	(iii) জাতীয় পতাকা সর্বসাধারণ ব্যবহার করতে পারেন
(গ) অশোক চক্র	(i) ফোটোরশ্মি
(ঘ) বিবর্ণ জাতীয় পতাকা	(iv) ব্যবহার করা যায় না
(ঙ) কবরে বা চিতায়	(v) জাতীয় পতাকা দেওয়া যায় না

৩। উপযুক্ত শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ করো।

(ক) যেসব সরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন করা হয় সেই সকল ভবনে রবিবার ও ছুটির

দিন সমেত সপ্তাহের সকল দিন জাতীয় পতাকা উত্তোলিত থাকা বাধ্যতামূলক।

(খ) ঝড়-বৃষ্টি যাই হোক, জাতীয় পতাকা উড়বে সূর্যোদয় থেকে সূর্যাস্ত পর্যন্ত।

(গ) জাতীয় পতাকার সঙ্গে অন্য কোনো পতাকা একই দলে তোলা বা ব্যবহার করা যায় না।

#### ৪। রচনাধর্মী প্রশ্নের উত্তর দাও :

##### (ক) ভারতবর্ষের জাতীয় পতাকার বর্ণনা দাও।

উত্তরঃ আমাদের জাতীয় পতাকায় তিনটে উজ্জ্বল বর্ণের সমান আকারের তিনটি বন্ধনী। তাই নাম: ত্রিরাঙা। পতাকাটি আয়তক্ষেত্রবিশিষ্ট এবং আয়তাকার পতাকার দৈর্ঘ্য তার প্রস্থের দেড়গুণ। দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত ৩ : ২ পতাকাটি সমমাপের তিনটি আয়তক্ষেত্রবিশিষ্ট পৃথক তিনটি বর্ণের অংশ নিয়ে গঠিত, অর্থাৎ তিনটি রঙেরই জমিন সমান। একদম উপরে গেরুয়া, মধ্যে সাদা ও নীচে সবুজ রং - এর সমাহার।

পতাকার সাদা রঙের অংশটির মাঝখানে একটি নীল রঙের ২৪ টি কাঁটাবিশিষ্ট চক্র বসান থাকে। এই চক্রটি মহান সম্রাট অশোকের ধর্মচক্র '- এর অনুলিপি, একে তাই অশোকচক্র বলে। চক্রটি পতাকার উভয়পার্শ্বে ফোটারশিমির সাহায্যে অঙ্কিত করা বা উভয়দিকে ছাপানো থাকে।

##### (খ) কী কী ভাবে/ক্ষেত্রে ভারতবর্ষের জাতীয় পতাকার ব্যবহার/উত্তোলন বেআইনি তা তালিকাভুক্ত করো।

উত্তরঃ ১. ছেরা, ফাটা বা বিবর্ণ জাতীয় পতাকা উত্তোলন বেআইনি।

২. জাতীয় পতাকা কুঞ্চিত অবস্থায় ব্যবহার করা যাবে না।

৩. জাতীয় পতাকার ডান দিকে কিংবা উপরে অন্য কোন পতাকার প্রতীক থাকতে পারবে না।

৪. কফিন ঢেকে দেওয়া জাতীয় পতাকা মৃতদেহের সঙ্গে কবরে বা চিতায় দেওয়া যাবে না।

৫. কোনােরকম ব্যবসাবাণিজ্যে, কাজে বা পেশায়, নামে, পেটেন্ট বা ট্রেডমার্ক হিসাবে বা নকশা কর.. জন্যে কেন্দ্রীয় সরকারের অনুমতি ছাড়া জাতীয় পতাকার ব্যবহার ১৯৫০ ও ২০০২ সালের প্রতীক এবং নাম ( অপব্যবহার রােধ) আইন অনুযায়ী অন্যান্য বলে মনে করা হয়।

৬. জাতীয় পতাকার সঙ্গে অন্য কোন পতাকা একই দলে তোলা বা ব্যবহার করা যাবে না।

##### (গ) ভারতবর্ষের জাতীয় পতাকার প্রতি 'আনুগত্যের শপথ' বাক্যটি লেখো।

উত্তরঃ ভারতবর্ষের জাতীয় পতাকার প্রতি আনুগত্যের শপথ বাক্যটি হল- 'আমরা, সার্বভৌম সমাজতান্ত্রিক ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক সাধারণতন্ত্র - এর প্রতীক, জাতীয় পতাকার প্রতি আনুগত্যের শপথ নিলাম।